# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৮২৮

পর্ব - ৭ঃ ক্রয়-বিক্রয়ের বিধান (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ২. ক্রয়ের ঠিক রাখা, না রাখার স্বাধীনতা - কেনা বেচায় প্রতারিত ব্যক্তির বিক্রয় বাতিল করার অধিকার থাকার বিধান

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ ـرَضِيَ اللَّهُ عَنْهُمَاـ قَالَ: ذَكَرَ رَجُلٌ لِلنَّبِيِّ ـ صلى الله عليه وسلم ـ أَنَّهُ يُخْدَعُ فِي الْبُيُوعِ، فَقَالَ: «إِذَا بَايَعْتَ فَقُلْ: لَا خَلَابَةَ». مُتَّفَقٌ عَلَيْهِ

صحيح. رواه البخاري (2117)، ومسلم (1533) وفي «الأصل»: «بعت» والمثبت من «أ» وهو الموافق لما في «الصحيحين». وزاد البخاري (2407): «فكان الرجل يقوله». وفي رواية مسلم: «فكان إذا بايع يقول: لا خيابة». قلت: والرجل هو: حبان بن منقذ الأنصاري، وكان يقول ذلك للثغة في لسانه، ففي رواية ابن الجارود (567): «عن ابن عمر ـرضي الله عنهماـ: أن حبان بن منقذ كان سُفِعَ في رأسه مأمومة، فثقّلت لسانه، وكان يُخدع» الحديث

বাংলা

৮২৮. আব্দুল্লাহ ইবনু ’উমার (রাঃ) হতে বর্ণিত যে, এক সাহাবী নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট উল্লেখ করলেন যে, তাকে ক্রয়-বিক্রয়ে ধোঁকা দেয়া হয়। তখন তিনি বললেন, যখন তুমি ক্রয়-বিক্রয় করবে: তখন বলবে কোন প্রকার ধোঁকা নেই।[1]

ফুটনোট

[1] বুখারীর বর্ণনায় আরো রয়েছে, এরপর লোকটি ক্রয়-বিক্রয়ের সময় এই কথা বলত। আর মুসলিমের বর্ণনায়

রয়েছে, লোকটি বেচাকেনার সময় “ধোঁকা দিবে না” এ কথাটি বলত। লোকটির নাম হচ্ছে : হিব্বান বিন মুনকায আল আনসারী (রাঃ)। বুখারী ২১১৭, ২৪০৭, ২৪১৪, ৬৯৬৪, মুসলিম ১৫৩৩, নাসায়ী ৪৪৮৪, আবূ দাউদ ৩৫০০৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70639

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন